

জাতীয়

ইলিশ ধরায় নিষেধাজ্ঞা



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: বুধবার, ০৭ অক্টোবর ২০২৬, ০৫:২২ PM



মা ইলিশ রক্ষায় বুধবার (৭ অক্টোবর) মধ্যরাত থেকে শুরু হচ্ছে ২২ দিনের ইলিশ ধরার নিষেধাজ্ঞা, যা চলবে ২৯ অক্টোবর পর্যন্ত। প্রজনন মৌসুমে মা ইলিশকে নির্বিঘ্নে ডিম ছাড়ার সুযোগ দিতে প্রতিবছর এ ব্যবস্থা নেওয়া হয়।

নিষেধাজ্ঞার এ সময়ে নদী ও সাগরে ইলিশ আহরণের পাশাপাশি ইলিশ পরিবহন, মজুত, বাজারজাত, ক্রয়-বিক্রয় ও বিনিময়ও নিষিদ্ধ থাকবে। বরগুনা জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ জিয়া উদ্দিন জানান, দেশের ৪০ জেলায় এ নিষেধাজ্ঞা কার্যকর হবে। এর মধ্যে ২০ জেলায় শুধু ইলিশ আহরণ, পরিবহন, বিপণন ও মজুত বন্ধ থাকবে। বাকি ২০ জেলায় ইলিশসহ সব ধরনের মাছ ধরা বন্ধ থাকবে।

জেলেরা বলছেন, নিষেধাজ্ঞা বাস্তবায়নে তাঁদের আপত্তি নেই। তবে এ সময় যাতে পরিবার নিয়ে কষ্টে পড়তে না হয়, সে জন্য যথাযথভাবে সরকারি খাদ্যসহায়তা পৌঁছে দেওয়ার দাবি তাঁদের।

জেলা মৎস্য কর্মকর্তা জানান, বরগুনায় নিবন্ধিত ৩৯ হাজার ৪৬৯ জেলের প্রত্যেককে ২৫ কেজি করে চাল দেওয়া হবে। নিষেধাজ্ঞা বাস্তবায়নে নদী ও সাগরে অভিযান এবং ইলিশ পরিবহন, মজুত ও বাজারজাত বন্ধে নজরদারি জোরদার করা হবে।

মৎস্য বিভাগের মতে, নিষেধাজ্ঞা কার্যকরভাবে বাস্তবায়ন হলে আগামী মৌসুমে ইলিশের উৎপাদন বাড়ার সম্ভাবনা রয়েছে।

এ বিভাগের আরও খবর




একনেকে ১৩ প্রকল্প অনুমোদন, ব্যয় হবে ১৬ হাজার কোটি টাকা
জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ১৬ হাজার ২০৭ কোটি ৫৫ লাখ টাকা ব্যয়ের ১৩টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে সরকার...



পদোন্নতি-আপগ্রেডেশনের দাবিতে বেরোবির তৃতীয় শ্রেণির কর্মচারীদের অবস্থান কর্মসূচি
দীর্ঘদিন ধরে পদোন্নতি ও আপগ্রেডেশন না পাওয়ার অভিযোগে অবস্থান কর্মসূচি শুরু করেছেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) তৃতীয় শ্রেণির কর্মচার...



মেরুলে রাজউকের ১১ একর জমি ২১ বছর ধরে দখলে, নেই উদ্ধার উদ্যোগ
রাজধানীর মেরুল বাড্ডায় মূল সভকের পাশে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) ১১ একর জমি ২১ বছর ধরে দখলে রয়েছে। রাজউকের নথি অনুযায়ী, জমিটির বর্তম...



জিয়াউর রহমানের আদর্শে শিশুদের সুনামগরিক হওয়ার আহ্বান
শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ ধারণ করে শিশুদের দেশপ্রেমিক ও সুনামগরিক হিসেবে গড়ে ওঠার আহ্বান জানিয়েছেন
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও স...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/ilish-dhraj-nishedhajna>